দৈনিক জনকণ্ঠ

তারিখ MAY 15 1999
পৃষ্ঠা 2 কলাম 4

234

# প্রাথমিক শিক্ষকদের মধ্যে যারা বিভ্রান্তি ছড়াচ্ছে তাদের প্রতিহত করুন ॥ ঐক্য পরিষদ

স্টাফ রিপোর্টার ॥ বাংলাদেশ প্রাথমিক শিক্ষক ঐক্য পরিষদের আহ্বায়ক আব্দুল মান্নান চৌধুরী বলেছেন, সোনার মানুষ গড়ার কারিগর প্রাথমিক শিক্ষকদের মাঝে যারা বিভ্রান্তি ছড়াচ্ছে তারা দেশ ও জাতির শত্রু। এদের প্রতিহত করে জাতির জনকের স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলতে হবে। অধ্যাপক আব্দুল মান্নান চৌধুরী রবিবার মিরপুরস্থ প্রাথমিক শিক্ষক ভবনে ঐক্য পরিষদের নির্বাহী পরিষদের সভায় বক্তব্য রাখছিলেন। অধ্যাপক চৌধুরী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশ থেকে নিরক্ষরতা দূরীকরণের জন্য কঠোর পরিশ্রম করছেন। সাক্ষরতার হার ইতোমধ্যে ৫৬ শতাংশে উন্নীত হয়েছে। এ সময়ে প্রাথমিক শিক্ষকদের বিভ্রান্ত, কর্মবিমুখ করার উস্কানিমূলক কার্যক্রম চালানো হচ্ছে। তিনি দেশের সকল প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাদের শান্তিপূর্ণভাবে স্বীয় কর্মস্থলে দায়িত্ব পালনের মাধ্যমে ষড়যন্ত্র মোকাবিলার আহ্বান জানিয়ে বলেন, ষড়যন্ত্রকারীদের তথাকথিত ১৫-১৭ মে'র কর্মসূচীর সঙ্গে দেশের প্রাথমিক শিক্ষক সমাজ কোনভাবেই জড়িত নয়। সুফিয়া খাতুন, মুহঃ ওয়াহিদুজ্জামান মিঞা প্রমুখ নেতৃবৃন্দ সভায় বক্তব্য রাখেন।

## প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতি

বাংলাদেশ সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতিও বলেছে বিরোধী রাজনৈতিক আন্দোলনের সঙ্গে জড়িত তথাকথিত কর্মসূচীর সঙ্গে দেশের প্রাথমিক শিক্ষক সমাজের কোন সংশ্রব নেই। সম্প্রতি মিরপুরে প্রাথমিক শিক্ষক ভবনে মোঃ শরীফ উদ্দিন খানের সভাপতিত্বে এক সভায় এ মত ব্যক্ত করা হয়। মোঃ আলমগীর হোসেন, হারিছুল হক, সুরাইয়া বেগম, মনির হোসেন, শহীদুল ইসলাম, শাহ কামাল প্রমুখ সভায় বক্তব্য রাখেন।